জনতা ব্যাংক লিমিটেড
ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়, ঢাকা।

নির্দেশ বিজ্ঞপ্তি- ৭৫৭/২০১৭ তারিখঃ ১২/০৭/২০১৭ ইং
২৮ আষাঢ় ১৪২৪ বাং

সকল উপ-মহাব্যবস্থাপক/
সকল সহকারী মহাব্যবস্থাপক/
বিভাগীয় কার্যালয়/ এরিয়া অফিস/
লোকাল অফিস/কর্পোরেট শাখাসমুহ/সংযুক্ত আরব আমিরাতস্থ শাখাসমুহ/
জনতা এক্সচেঞ্জ কোম্পানী,এস আর এল ইতালী/ জনতা এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক, আমেরিকা/
সকল শাখা ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড।

বিষয়ঃ **Daytona Capital Management** এক্সচেঞ্জ কোম্পানী কর্তৃক **Hello Paisa System** এর মাধ্যমে প্রেরিত বৈদেশিক রেমিটেন্স Account Credit এবং Spot Cash পদ্ধতিতে পরিশোধ ব্যবস্থা চালু করা প্রসংগে।

প্রিয় মহোদয়,

ব্যাংকের বৈদেশিক রেমিটেন্স ব্যবসা বৃদ্ধির লক্ষ্যে Taka Drawing Arrangement (TDA) এর আওতায় **Daytona Capital Management** এক্সচেঞ্জ কোম্পানী কর্তৃক প্রেরিত বৈদেশিক রেমিটেন্স সমূহ (Account Credit) স্পীডি ফরেন রেমিটেন্স পেমেন্ট সিস্টেম এর মাধ্যমে জনতা ব্যাংক লিমিটেড এর সকল শাখায় পরিশোধিত হবে।

প্রযুক্তির অগ্রগতি ও সময়ের চাহিদার প্রেক্ষিতে **Daytona Capital Management Ltd** এক্সচেঞ্জ কোম্পানী কর্তৃক তাৎক্ষনিক ও নগদে পরিশোধের জন্য প্রেরিত হিসাব নম্বর বিহীন বৈদেশিক রেমিটেন্সের অর্থ দ্রুত, নিরাপদ ও সহজে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে **Hello Paisa System** এর মাধ্যমে Spot Cash পদ্ধতিতে পরিশোধ করা যাবে।

(ক) Daytona Capital Management Ltd এর Hello Paisa System এর বৈশিষ্ট্য নিম্নরুপ ঃ-

১। **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa** System টি Web-based । Mozilla Fire Fox এ https://ppi.daytonacap.com ব্রাউজ করে Log in করে পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

২। এ পদ্ধতিতে প্রাপ্ত রেমিটেন্সের অর্থ প্রদানের জন্য গ্রাহকের ব্যাংক হিসাব থাকার বাধ্যবাধকতা নেই এবং সহজে ও স্বল্পতম সময়ের মধ্যে বৈদেশিক রেমিটেন্সের অর্থ নগদে পরিশোধ করা যাবে।

৩। **Daytona Capital Management Ltd** এক্সচেঞ্জ কোম্পানী থেকে রেমিটেন্স (Spot Cash) পাঠালে উক্ত কোম্পানী কর্তৃক রেমিটারকে একটি PIN/Reference No দেয়া হবে। রেমিটার উক্ত PIN/Reference No টি বাংলাদেশে তার প্রাপক/ উপকারভোগীকে জানাবে। প্রাপক প্রাপ্ত PIN/Reference No, Mobile Phone এবং বৈধ পরিচয় পত্র নিয়ে ব্যাংকে উপস্থিত হলে প্রাপ্ত রেমিটেন্স ও উপকারভোগীর পরিচিতি সম্পর্কে নিশ্চিত হয়ে শাখা রেমিটেন্সের অর্থ **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa System** এর মাধ্যমে Spot Cash পদ্ধতিতে পরিশোধ করবে।

০৪। **Daytona Capital Management Ltd** এক্সচেঞ্জ কোম্পানী কর্তৃক প্রতিটি শাখার **OutLook** এ **User id , Password** পাঠানো হয়েছে। না পেলে **support.ppi@daytonacap.com** এ মেইল করতে হবে।

০৫। যে কোন ইউজার পাসওয়ার্ড রিসেট করতে পারবেন, রিসেট করার জন্য **Hello Paisa System** এর **Log in Page** এ **Forgot Password Option** এ ক্লীক করতে হবে। ক্লীক করলে আউটলুকে নতুন পাসওয়ার্ড পাওয়া যাবে।

চলমান পাতা/০২

(খ) **Daytona Capital Management** এর **Hello Paisa System** এর মাধ্যমে Spot Cash পরিশোধের ক্ষেত্রে পালনীয় নিয়মাবলী ঃ

০১। উপকারভোগী নিজে শাখায় উপস্থিত হয়ে শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাকে রেমিটার কর্তৃক প্রদত্ত PIN/Reference No ও Mobile Phone Number অবহিত করবেন।

০২। শাখার ফরেন রেমিটেন্সের দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা প্রাপক/উপকারভোগীকে একটি Receive Form প্রদান করবেন। উপকারভোগী Receive Form যথাযথভাবে পূরণ করবেন, যেমনঃ প্রাপকের (Receiver) নাম, ঠিকানা, মোবাইল নম্বর, আইডি টাইপ,আইডি নম্বর,অর্থের পরিমান, PIN/Reference No ও Mobile Phone Number, Purpose of Remittance, প্রেরকের নাম, প্রেরনকারী দেশের নাম, টাকার পরিমান নির্দিষ্ট স্থানে লিখে স্বাক্ষর করবেন। ফর্মটি যথাযথভাবে পুরণ করা হয়েছে কিনা তা ব্যাংক কর্মকর্তা পরীক্ষা করার পর নিশ্চিত হয়ে কম্পিউটারে **Hello Paisa System** এ Log in করে PIN/Reference No Insert করে Search করবেন এবং **সতর্কতার সাথে** ব্যাংক কর্মকর্তা প্রাপক কর্তৃক প্রদত্ত তথ্যের সাথে PIN/Reference No দ্বারা SYSTEM হতে প্রাপ্ত তথ্য মিলিয়ে, প্রাপকের পরিচয় সম্পর্কে নিশ্চিত হবেন এবং অর্থ পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করবেন।

পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার সাথে সাথেই ভাউচার প্রিন্ট করতে হবে। **Payout সম্পর্কে নিশ্চিত হয়ে শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রাপক ভাউচারে স্বাক্ষর করবেন**। প্রিন্ট করা ভাউচার Cash Debit ভাউচার এর সাথে শাখায় সংরক্ষণ করতে হবে। এবং Customer কপিটি উপকারভোগীকে দিতে হবে। প্রতিটি কর্মদিবসের সর্বমোট Payout এর Report এর Print out নিতে হবে/**SAVE** করতে হবে এবং সর্বমোট Payout এর টাকার পরিমানের সাথে প্রাপ্ত রিপোর্টের টাকার পরিমান সমান আছে কিনা তা মিলিয়ে দেখতে হবে এবং রিপোর্ট শাখায় সংরক্ষণ করতে হবে। শাখার ব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa System** হতে প্রাপ্ত ভাউচারে Paid Date, Paying Branch এবং Report দেখে পেমেন্ট সম্পর্কে নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট সাসপেন্স ভাউচারে স্বাক্ষর করবেন।

Daytona Capital Management Ltd এর Hello Paisa System এর ক্ষেত্রে বিশেষ সতর্কতা ঃ-

যদি কোন কারনে ভাউচার প্রিন্ট না হয় তবে Duplicate ভাউচার প্রিন্ট করা যাবে। অন্যান্য Web-based Payment System এ Duplicate Voucher প্রিন্ট নেয়ার ক্ষেত্রে Voucher এর উপর যেমন Duplicate অথবা Reprint লেখা থাকে **Hello Paisa System** এর Voucher এর ক্ষেত্রেও Duplicate লেখা থাকবে। কোন কারনে **Hello Paisa System** সহ সকল Web-based Payment এর ক্ষেত্রে যদি কখনও Duplicate Voucher প্রিন্ট করার প্রয়োজন হয় তবে **ব্যবস্থাপকের নির্দেশ গ্রহন সাপেক্ষে** দ্বিতীয়বার Voucher প্রিন্ট করতে হবে এবং প্রিন্ট করার সাথে সাথে Voucher এর উপরে ব্যবস্থাপকের স্বাক্ষর গ্রহন করতে হবে। কেবলমাত্র ব্যবস্থাপকের স্বাক্ষর সম্বলিত Voucher (Duplicate print করা) এর মাধ্যমেই Suspense A/C Debit করে রেমিটেন্সের অর্থ পরিশোধ করা যাবে।

০৩। **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa System** এর মাধ্যমে রেমিটেন্সের টাকা পরিশোধের ক্ষেত্রে পরিচিতির জন্য নিম্ন বর্ণিত পরিচয় পত্র/ কাগজপত্র গুলির যে কোন একটি বৈধ পরিচয় পত্র হিসেবে গণ্য হবে।

(ক) National Identity Card / SmartCard .
(খ) Valid Passport .
(গ) Valid Driving License .
(ঘ) চাকুরিজীবির ফটো সম্বলিত (স্বাক্ষর সহ) পরিচয়পত্র।
(ঙ) স্নাতক/সমমান বা তদুর্দ্ধ শ্রেনীর ছবি সম্বলিত স্বাক্ষর সহ স্টুডেন্ট **ID** (বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে)
(চ) শাখার সম্মানিত গ্রাহক কর্তৃক জন্মতারিখ, ফটো ও স্বাক্ষরসহ প্রত্যয়নপত্র ।
(ছ) ইউনিয়ন/উপজেলা চেয়ারম্যান, ওয়ার্ড কমিশনার, প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক জন্মতারিখ, ফটো ও স্বাক্ষর সহ প্রত্যয়ন পত্র।

চলমান পাতা-০৩

উপকারভোগীর বৈধ পরিচয় পত্রের মূল কপি যাচাই করে যথাযথভাবে পরিচিতি সম্পর্কে নিশ্চিত হতে হবে এবং পরিচয় পত্রের স্বাক্ষরের সাথে উপকারভোগীর স্বাক্ষর মিলিয়ে দেখতে হবে এবং সিস্টেমে দেয়া উপকারভোগীর মোবাইল নম্বর যাচাই করে দেখতে হবে। উপকারভোগীর বৈধ পরিচয় পত্রের ফটোকপি অবশ্যই Receive Form এর সাথে সংযুক্ত করে শাখায় সংরক্ষণ করতে হবে।

০৪। **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa System** এর ক্ষেত্রে দিলকুশা কর্পোরেট শাখা নিয়ন্ত্রনকারী শাখা হিসেবে কার্যক্রম পরিচালনা করবে।

দিলকুশা কর্পোরেট শাখার ই-মেইল: jbdil@janatabank-bd.com ফোন: ০২- ৯৫৫০৮৮৪,৯৫৬০৯২৪,
ঠিকানা ঃ ম্যানেজার, এনআরটিএ , জনতা ব্যাংক লিমিটেড , দিলকুশা কর্পোরেট শাখা, ২৯, দিলকুশা বা/এ, ঢাকা।

০৫। **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa System** সংক্রান্ত যে কোন বিষয়ে ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকায় যোগাযোগ করতে হবে। ফোন নম্বর: ৯৫১৩৯৪৫, ৯৫১৩৯৪৮, ৪৭১১৯১৫৮, ৯৫১৫৩০৪-৬, ৪৭১১৬০৭৩, ৯৫৬৬৮০৬, ৯৫৭৮১৯৩ পিএবিএক্স:০২-৯৫৫৬২৪৫-৪৯, ৯৫৬৫০৪১-৪৫ বর্ধিত -৫০৯,৫৯৫, ৫২১, ৫১৮, ৫১৯, ।

০৬। রেমিটেন্সের অর্থ পরিশোধের ক্ষেত্রে কোন ধরনের গাফিলতি, অবহেলা, উপকারভোগীকে অহেতুক হয়রানী করা, বিলম্বে রেমিটেন্সের অর্থ পরিশোধ ইত্যাদি অভিযোগের জন্য সংশ্লিষ্ট শাখা দায়ী থাকবে। যৌক্তিক কারন ছাড়া কোন অবস্থাতেই ফরেণ রেমিটেন্স এর উপকারভোগীকে ফেরৎ প্রদান করা যাবে না, তবে Payout সংক্রান্ত কোন অনিয়ম থাকলে বা PIN/Reference No ও Mobile Phone Number এ সমস্যা থাকলে ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট এর সাথে যোগাযোগ করে নিশ্চিত হয়ে তদনুযায়ী বেনিফিসিয়ারীকে পরামর্শ দিতে হবে।

০৭। Speedy Remittance ও Spot,Cash এর কার্যক্রম যে কম্পিউটারে সম্পন্ন করা হবে সেই কম্পিউটারটিতে **Anti Virus Update** আছে কিনা তা নিয়মিত চেক করতে হবে এবং অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না। অন্য যে কোন ধরনের অপব্যবহারের (অযাচিত ইন্টারনেট ব্রাউজিংসহ) ক্ষেত্রে সংশিষ্ট কর্মকর্তা / শাখা ব্যবস্থাপক দায়ী থাকবেন।

০৮। **নিয়ন্ত্রণকারী শাখা হিসেবে দিলকুশা কর্পোরেট শাখার কার্যক্রম ঃ**

০৮.০১ **কভার ফান্ড ও Settlement ঃ Daytona Capital Management Ltd** প্রতি দিনের কভার ফান্ড পূর্বেই তাদের NRFC হিসাবে প্রদান করবে। **উক্ত** কভার ফান্ড প্রাপ্তির পর নিয়ন্ত্রণকারী শাখা (দিলকুশা কর্পোরেট শাখা) **Daytona Capital Management Ltd** এর এর NRT হিসাবে জমা করবে । ডলার কনভার্শনের ক্ষেত্রে ঐ দিনের নির্ধারিত রেট অনুসরন করবে। প্রতিদিনের Settlement কার্যক্রম প্রতিদিনেই সম্পন্ন করতে হবে। এ বিষয়ে কোন সমস্যা হলে **Daytona Capital Management Ltd** কর্তৃপক্ষের সাথে তাৎক্ষনিক যোগাযোগের মাধ্যমে দ্রুত সমাধান করতে হবে। যথাসময়ে Settlement কার্যক্রম **না করার কারনে** যে কোন ধরনের জটিলতা বিশেষত **কভার ফান্ড ঘাটতির জন্য দিলকুশা কর্পোরেট শাখা দায়ী থাকবে।**

০৮.০২ **Reconciliation** ঃ প্রতি মাসের ১ম সপ্তাহের মধ্যে Exchange Company তে Account Statement প্রেরণ করতে হবে এবং এসংক্রান্ত Reconciliation কার্যক্রম মাসিক ভিত্তিতে সম্পন্ন করতে হবে। কোন অবস্থাতেই Reconciliation কার্যক্রম Pending রাখা যাবেনা।

০৮.০৩ **রি-ইমবার্সমেন্টঃ** নিয়ন্ত্রণকারী শাখা **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa System** এর Administrative user হিসেবে log-in করবে এবং ঐ দিনের শাখা ওয়ারী রেমিটেন্স পরিশোধের তালিকা download করবে এবং print নিবে। Download কৃত Soft copy দ্বারা Software Interface এর মাধ্যমে Advice generate করে বৈদেশিক রেমিটেন্স পরিশোধকারী শাখাকে প্রেরণ করার জন্য JB Remittance Payment System এ upload করবে । এ ধরনের এ্যাডভাইস ইস্যু করার ক্ষেত্রে কোন ধরণের বিলম্ব করা যাবে না।

চলমান পাতা-০৪

০৯। **শাখা পর্যায়ে করণীয়**:-

০৯.০১ **Hello Paisa System হতে Payout করার পূর্বে অবশ্যই উপকারভোগীর পরিচিতি সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হতে হবে এবং** Receive **ফরমে উপকারভোগী কর্তৃক প্রদত্ত তথ্য Hello Paisa System এ প্রদর্শিত তথ্যের সাথে মিলে কিনা-যাচাই করে নিতে হবে** এবং যথাযথভাবে নিশ্চিত হয়ে **"Confirm " Button** এ **Click** করতে হবে, কারন প্রক্রিয়াটি একবার সম্পন্ন হয়ে গেলে তা সিস্টেম থেকে কোন ক্রমেই পরিবর্তন বা পরিবর্ধন করা সম্ভব নয়।

০৯.০২ **Daytona Capital Management** এক্সচেঞ্জ কোম্পানী কর্তৃক **Hello Paisa System** এর মাধ্যমে Remittance Payment করার সময় যদি কোন ভুল ধরা পড়ে তবে যথাযথ কারন উল্লেখ পূর্বক System এ Reject করতে হবে।

০৯.০৩ এই সার্কুলার পাওয়া মাত্র **Daytona Capital Management** এক্সচেঞ্জ কোম্পানী কর্তৃক **Hello Paisa System** এর মাধ্যমে Remittance Payment করার জন্য শাখায় "Suspense A/C **Daytona Capital Management Ltd** " সংক্রান্ত GL এ Sub-head খুলতে হবে। এই Suspense A/C **Daytona Capital Management Ltd** হিসাব ডেবিট করে রেমিটেন্সের অর্থ পরিশোধ করতে হবে। অতঃপর নিয়ন্ত্রনকারী শাখার **Reimbursement** সিআইবিটিসিএ থেকে প্রাপ্ত অর্থ দ্বারা সৃষ্ট এন্ট্রি সমন্বয় করতে হবে।

০৯.০৪ কোন কারণে সিআইবিটিসিএ না পেলে নিয়ন্ত্রণকারী শাখার সাথে দ্রুত যোগাযোগ করতঃ এ্যাডভাইস ইস্যু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। যত দ্রুত সম্ভব Suspense খাত সমন্বয় করতে হবে।

০৯.০৫ **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa System** এর রেমিটেন্সের অর্থ পরিশোধকারী শাখা যদি কোন কারণে রেমিটেন্সের অর্থ পরিশোধে কারিগরি (Technical) সমস্যার সম্মুখীন হয় তা হলে প্রধান কার্যালয়ের ফরেণ রেমিটেন্স ডিপার্টমেন্ট এ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে অতি দ্রুততার সাথে তা সমাধান করতে হবে।

০৯.০৬ কম্পিউটারের কোন সমস্যা/মডেম/ইন্টারনেট জনিত সমস্যা হলে স্ব স্ব ডিভিশনাল/এরিয়া অফিসের আইটি সাপোর্ট সেল এবং আইসিটি ডিপার্টমেন্ট (সিস্টেম), জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যলয়, ঢাকা-এর সঙ্গে যোগাযোগ করতে হবে।

০৯.০৭ **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa System** সহ সকল প্রকার **Web-based** এবং **EFT Payment** সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ন্যুনতম ১২ বছর সংরক্ষন করতে হবে।

০৯.০৮ **Banking Transaction Hour** এর পর কোন অবস্থাতেই **Hello Paisa System** এর মাধ্যমে Spot Cash পদ্ধতিতে রেমিটেন্সের অর্থ পরিশোধ করা যাবেনা।

১০। **শাখা ব্যবস্থাপকের জন্য করনীয়** ঃ-

১০.০১ শাখা ব্যবস্থাপক মনিটরিং এবং সুপারভিশন করার জন্য সকল Web based Spotcash সম্পর্কে নিজে শিখবেন এবং ৩য় একজন কর্মকর্তাকে তৈরী করবেন যাতে শাখার ফরেণ রেমিটেন্স কার্যক্রমে কোন ব্যাঘাত না ঘটে।

১০.০২ শাখা ব্যবস্থাপক **Hello Paisa System** হতে প্রাপ্ত ভাউচারে **Paid Date, Paying Branch** এবং **টাকার পরিমান** দেখে পেমেন্ট সম্পর্কে নিশ্চিত হয়ে এবং বেনিফিশিয়ারী সম্পর্কে জেনে সংশ্লিষ্ট **সাসপেন্স ভাউচারে** স্বাক্ষর করবেন।

১০.০৩ ফরেণ রেমিটেন্স পেমেন্টের কারণে দীর্ঘদিনের কোন সাসপেন্স হিসাব অসমন্বিত থাকলে System থেকে ঐ সব রেমিটেন্সের Payout সঠিকভাবে করা হয়েছে কিনা/রিপোর্টে Show করে কিনা পর্যবেক্ষণ করে প্রয়োজনে কন্ট্রোলিং শাখার সাথে এবং ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট এ যোগাযোগ করে সমন্বয়ের ব্যবস্থা করবেন।

১০.০৪ **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa System** সহ সকল Web-based Payment এর Duplicate Voucher প্রিন্ট করে Payment দেয়ার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা মূলক ব্যবস্থা গ্রহন করতে হবে।

চলমান পাতা-০৫

১১। **বিভাগীয়/এরিয়া অফিসের করনীয়** ঃ-

প্রতিটি বিভাগীয়/এরিয়া অফিস তাদের নিয়ন্ত্রণাধীণ শাখাসমুহের **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa System** এর মাধ্যমে পরিশোধিত অর্থের একটি বিবরণী সংশিষ্ট ছকে পাক্ষিক ভিত্তিতে সংগ্রহ করবেন এবং তাদের নিয়ন্ত্রণাধীন শাখাসমুহের এতদসংক্রান্ত বৈদেশিক রেমিটেন্স সংক্রান্ত কার্যক্রম তদারকি করবেন। **"শাখার SRC ও Spot Cash এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বদলী হলে নতুন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা রেমিটেন্স পরিশোধে পারদর্শী হওয়া ও ব্যবস্থাপকের সন্তুষ্টি সাপেক্ষে বদলীকৃত কর্মকর্তা অব্যাহতি পাবেন"**- এর বাস্তবায়নে সহায়তা করবেন।

সাধারন তথ্যাবলীঃ-

১। এ সিস্টেম কেবলমাত্র বৈদেশিক টাকা রেমিটেন্স পরিশোধের জন্য প্রযোজ্য। অন্য কোন বৈদেশিক মুদ্রার রেমিটেন্স কিংবা স্থানীয় টাকা রেমিটেন্স (Inland Remittance) এ সিস্টেমের মাধ্যমে করা যাবে না।

২। রেমিটার/ উপকারভোগী কর্তৃক উত্থাপিত রেমিটেন্স সংক্রান্ত যে কোন ধরনের অনুসন্ধান, অভিযোগ ইত্যাদি বিষয়ে তাৎক্ষনিকভাবে ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট, আইসিটি ডিপার্টমেন্ট(সিস্টেম) এবং নিয়ন্ত্রন কারী শাখার ফরেণ রেমিটেন্স সেলে যোগাযোগ করার জন্য সকল শাখাকে নির্দেশ দেয়া যাচ্ছে। বেনিফিসিয়ারী/উপকারভোগী শাখায় উপস্থিত হলে ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট, আইসিটি ডিপার্টমেন্ট(সিস্টেম) নিয়ন্ত্রন কারী শাখার সাথে যোগাযোগ না করে অথবা উপযুক্ত কারণ ব্যতিরেকে কোন অবস্থায় রেমিটেন্সের অর্থ প্রদান না করে তাকে ফিরিয়ে দেয়া যাবে না।

৩। উপরোক্ত সকল নির্দেশনা সমুহ যথাযথভাবে অনুসরণ, পুংখানুপুংখরুপে নিষ্ঠার সাথে পরিপালন করতে হবে। এতদ্‌বিষয়ে বিস্তারিত জানার জন্য ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর যোগাযোগ করা যেতে পারে।

৪। **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa System** এর মাধ্যমে Remittance Payment করার জন্য ছাপানো Receive Form জনতা ব্যাংক লিঃ কেন্দ্রীয় ষ্টেশনারী দপ্তর হতে সংগ্রহ করতঃ ক্যাশ পেমেন্টের জন্য ব্যবহার করতে হবে। ছাপানো Form কেন্দ্রীয় ষ্টেশনারী দপ্তর হতে সংগ্রহ না করা পর্যন্ত সার্কুলারের সাথে সংযুক্ত (সংযুক্তি-ক) ফর্মটি ফটো কপি করে ব্যবহার করা যাবে।

৫। **Daytona Capital Management Ltd** এর **Hello Paisa System** এর কার্যক্রম আগামী ১৭/০৭/২০১৭ তারিখ থেকে শুরু হবে। ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট হতে রেমিটেন্স পেমেন্ট শুরু করার জন্য প্রত্যেক শাখায় ই-মেইল পাঠানো হবে।

উপরোক্ত নিয়মাবলীর আলোকে সংশ্লিষ্ট সকলকে এতদ্‌বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ সামছুর রেজা)
উপ মহাব্যবস্থাপক

(মোহাম্মদ ফখরুল আলম)
মহাব্যবস্থাপক

অনুলিপি:

১. কোম্পানী সেক্রেটারী, কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়,ঢাকা।
২. পি এস টু সিইও এ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর , জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়,ঢাকা।
৩. পি এ টু সকল ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়,ঢাকা।
৪. পি এ টু সকল মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়,ঢাকা।
৫. পি এ টু সকল মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, লোকাল অফিস, জনতা ভবন কর্পোরেট শাখা ও সকল বিভাগীয় কার্যালয়।
৬. নথি।

সংযুক্তি-ক

এনেক্সার

Janata Bank Limited

Daytona Capital Management Ltd এর Hello Paisa System

To Receive Money Form

নগদ টাকা গ্রহনে এই ফর্মটি পূরন করে বৈধ পরিচয়পত্র সহ উপস্থাপন করুন
To receive money complete the form with valid ID

প্রাপকের নাম ও ঠিকানা (Receiver's particulars):

নাম (Name):

ঠিকানা (Address):

টেলিফোন/ মোবাইল নং (Telephone/Mobile#):

আইডি টাইপ (ID TYPE): NID/SmartCard/Valid Passport/Valid Driving License/Others.

আইডি নং (ID NO):

(প্রেরকের নাম ও ঠিকানা (Sender's Particulars):

নাম (Name):

ঠিকানা (Address):

দেশের নাম:

প্রেরনকৃত রেমিটেন্সের বর্ননা (Description Remittance)

রেমিটেন্স ইস্যুর তারিখ(Remittance Date):

প্রেরিত অর্থের পরিমান (Remitted Money Amount):

টাকা (BDT):

গোপনীয় নম্বর (PIN CODE):

মোবাইল নং (/Mobile#):

রেমিটেন্সের উদ্দেশ্য (Purpose of Remittance):

তারিখ (Date):	প্রাপকের স্বাক্ষর (Receiver's Signature)
কর্মকর্তার স্বাক্ষর Signature of the Officer	ব্যবস্থাপকের স্বাক্ষর ও সীল Signature & Seal of Manager of the Branch